ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

স- ১৩৪৯
সাব্রুম, ২২ জুন, ২০২৫

**সাব্রুমে মেগা রক্তদান শিবির**

বিশ্ব রক্তদাতা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে গতকাল সাব্রুমের মৈত্রী সেতু সংলগ্ন ইন্টিগ্রেটেড চেকপোষ্টে মেগা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের দক্ষিণ ত্রিপুরা জেলা অফিস এবং অল ত্রিপুরা গভর্নমেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশনের দক্ষিণ ত্রিপুরা কমিটির যৌথ উদ্যোগে এই শিবিরের আয়োজন করা হয়। আন্তর্জাতিক যোগা দিবস উদযাপনের পরে এই বিশেষ রক্তদান শিবিরের উদ্বোধন করেন সমবায় দপ্তরের মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। তিনি বক্তব্য রাখতে গিয়ে রক্তদানের গুরুত্ব তুলে ধরেন। স্বাগত বক্তব্য রাখেন দক্ষিণ ত্রিপুরা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক জ্যোতির্ময় দাস। শিবিরে অন্যান্য সম্মানিত অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, সাব্রুম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রমা পোদ্দার দে, বিধায়ক মাইলাফ্রু মগ, বিদ্যুৎ দপ্তরের সচিব অভিষেক সিং, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক মুহাম্মদ সাজ্জাদ পি, দক্ষিণ ত্রিপুরা জেলার পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ সি, বিএসএফের কমান্ডেন্ট মহেন্দ্র সিং, এস এস জি অসীম সাহা, টিএসবিটিসির সদস্য সচিব বিশ্বজিৎ দেববর্মা, সাব্রুম মহকুমার মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত, মহকুমা পুলিশ আধিকারিক নিত্যনন্দ সরকার প্রমুখ। এই রক্তদান শিবিরে মোট ২৫ জন রক্তদাতা রক্তদান করেন। তাছাড়া বিভিন্ন সময়ে রক্তদান করে যারা মানুষের জীবন বাঁচানোর কাজে এগিয়ে এসেছেন তাদের থেকে ১৬ জনকে টিএসবিটিসি-এর পক্ষ থেকে সম্মানিত করা হয়।

*****